কালের কণ্ঠ

তারিখ ... 14 MAY 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

# সরকারি কর্মকর্তাদের সঙ্গেই শিক্ষকদের পে স্কেলের দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গেই এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নতুন পে স্কেলে অন্তর্ভুক্তির দাবি জানিয়েছেন শিক্ষকরা। একই সঙ্গে আসন্ন বাজেটে বেসরকারি শিক্ষকদের চাকরি জাতীয়করণেও বরাদ্দ রাখার দাবি জানিয়েছেন তাঁরা। গতকাল বুধবার রাজধানীর একটি বিদ্যালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল) ও শিক্ষক কর্মচারী সংগ্রামী ঐক্য জোটের জাতীয় নির্বাহী কমিটির এক জরুরি সভায় এ দাবি জানানো হয়। সভায় সিদ্ধান্ত হয়, দাবি আদায়ে আগামী ২০ মে জাতীয় প্রেসক্লাবে মানববন্ধন করে আরো কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।